


বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়

সঠিকতা ও দ্রুততার সাথে ফলাফল প্রকাশের লক্ষ্যে কমিশন অত্র পরীক্ষা লিথোকোড সম্বলিত খাতার মাধ্যমে গ্রহণের ব্যবস্থা করেছে। লিথোকোড ফরম পূরণের ক্ষেত্রে পরীক্ষার প্রার্থীগণের সতর্কতা ও পরিদর্শকগণের দায়িত্বশীলতার উপর এ পদ্ধতির পরীক্ষার সফলতা পুরোপুরিভাবে নির্ভরশীল। ফলে কোডফরম পূরণের ক্ষেত্রে সকল প্রার্থীকে বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে। অন্যথায় পরীক্ষা বাতিল হয়ে যাবার সম্ভাবনা থাকবে। সুতরাং লিথোকোড ফরম পূরণের নিয়মাবলী প্রার্থীগণকে এবং হল পরিদর্শকগণকে অত্যন্ত নিবিড়ভাবে অনুধাবন পূর্বক সেগুলি সঠিকভাবে অনুসরণ করতে হবে।

খাতার লিথোকোড ফরম পূরণ সংক্রান্ত নির্দেশাবলী

সহকারী পরিচালক (ইন্ড্রিং), বিআরটিএ, সহকারী সার্জন ও ডেন্টাল সার্জন, বাংলাদেশ রেলওয়ে পদের জন্য :

- ১। প্রার্থীগণ সর্ব প্রথম লক্ষ্য করবেন কোড ফরমের সর্ব উপরে ডান দিকে ৯ ডিজিটের একটি সংখ্যা আছে কি না। তা না থাকলে হল পরিদর্শকের নিকট হতে উক্ত নম্বর সম্বলিত খাতা গ্রহণ করবেন।
- ২। কোড ফরম অবশ্যই বল পয়েন্ট কলম দ্বারা পূরণ করতে হবে।
- ৩। কোড ফরমে ৩টি অংশ রয়েছে। তন্মধ্যে প্রার্থীগণ ১ম অংশ পূর্ণাঙ্গরূপে পূরণ করবেন, ২য় ও ৩য় অংশে শুধুমাত্র পরীক্ষার নাম ও বিষয়ের নাম লিখবেন এবং বিষয় কোড নম্বর লিখে সংশ্লিষ্ট বৃত্ত ভরাট করবেন। এছাড়া অপর কোন অংশে বিন্দুমাত্র কোন দাগ দিবেন না বা কোড ফরমে কোন ভাজ দিবেন না।
- ৪। লিথোকোড ফরম (১ম অংশ) ব্যতীত পরীক্ষার উত্তরপত্রের কভারপেজ বা অন্য কোথাও প্রার্থীদের নাম, ঠিকানা, রেজিস্ট্রেশন নং/রোল নং, স্বাক্ষর বা অন্য কোন ব্যক্তিগত তথ্য প্রদান করা যাবে না; অন্যথায় উত্তরপত্র বাতিল হবে।
- ৫। প্রার্থীর নাম এমনভাবে লিখতে হবে এবং স্বাক্ষর এমনভাবে দিতে হবে যেন নির্দিষ্ট লাইন ক্রস না করে। নাম বাংলা/ ইংরেজীতে লেখা যাবে। পরীক্ষার নাম-এর স্থলে যে পদের পরীক্ষায় অংশ গ্রহণ করা হচ্ছে তার নাম লিখতে হবে এবং বিষয়-এর স্থলে যে বিষয়ের উত্তর প্রদান করা হবে তার নাম লিখতে হবে। এর পরের বক্সে সামান্যতম কোন দাগ দেয়া যাবে না।
- ৬। বৃত্ত ভরাটের বেলায় পরীক্ষার নাম -এর ক্ষেত্রে (৪) এবং কেন্দ্র - এর ক্ষেত্রে (১) নং বৃত্ত ভরাট করতে হবে।
- ৭। রেজিস্ট্রেশন নম্বরের সর্ব উপরের ঘরে প্রার্থীর ৬ ডিজিটের রেজিস্ট্রেশন নম্বর লিখতে হবে এবং প্রত্যেক কলামের সংশ্লিষ্ট ডিজিটের বৃত্ত ভরাট করতে হবে। রেজিস্ট্রেশন নম্বর লিখতে ভুল হলে কেটে তার উপরে সঠিক নম্বরটি লিখতে হবে। একইভাবে বৃত্ত ভরাট করতে গিয়ে ভুল হলে পুনরায় সঠিক বৃত্তটি ভরাট করতে হবে। ভুলক্রমে পূর্বে ভরাটকৃত বৃত্তটি সেভাবেই থেকে যাবে।
- ৮। বাংলা, ইংরেজী, ও সাধারণ জ্ঞান বিষয় সকল পদের জন্য আবশ্যিকীয় এবং অবশিষ্ট ৩টি বিষয়ের মধ্য হতে প্রার্থীত পদের সাথে সংশ্লিষ্ট একটি বিষয়ের উত্তর প্রদান করতে হবে।
৯. প্রার্থীদেরকে একই সাথে ৪টি বিষয়ের জন্য ৪টি খাতা প্রদান করা হবে। বাংলা, ইংরেজী, সাধারণ জ্ঞান ও সংশ্লিষ্ট টেকনিক্যাল বিষয়ের উত্তর প্রদানের জন্য ভিন্ন ভিন্ন খাতা ব্যবহার করতে হবে। একই খাতায় একাধিক বিষয়ের উত্তর প্রদান করলে অথবা এক বিষয়ের খাতায় অন্য বিষয়ের উত্তর প্রদান করলে পরীক্ষা বাতিল হবে।
১০. বিষয় কোডের ক্ষেত্রে সর্ব উপরের ঘরে বাংলার জন্য ১০১, ইংরেজীর জন্য ১০২, সাধারণ জ্ঞানের জন্য ১০৪, যন্ত্রকৌশল/মেডিক্যাল সাইন্স/ডেন্টাল বিষয়ের জন্য ১০৫ লিখতে হবে এবং প্রত্যেক কলামের সংশ্লিষ্ট ডিজিটের বৃত্ত ভরাট করতে হবে।
- ১১। প্রার্থী অতিরিক্ত খাতা গ্রহণ করলে যে কয়টি খাতা গ্রহণ করবেন উপর থেকে সে কয়টি বৃত্ত ভরাট করবেন এবং খাতার ক্রমিক নম্বর ডান দিকের ঘরে লিখবেন।
১২. বর্ণিত বিষয়াবলী সম্পর্কে পুরোপুরিভাবে নিশ্চিত হয়ে হল পরিদর্শক তার নির্দিষ্ট ঘরে স্বাক্ষর ও তারিখ দিবেন এবং সতর্ক থাকবেন যেন সংশ্লিষ্ট ঘরের বাইরে কোন দাগ না যায়।
- ১৩। পরীক্ষা সমাপ্ত হবার পর প্রত্যেক প্রার্থী স্ব স্ব আসনে সূশুংখলভাবে বসে থাকবেন এবং দায়িত্বরত হল পরিদর্শকগণকে চার বিষয়ের উত্তরপত্র আলাদা করে এমনভাবে বুঝিয়ে দিবেন যাতে এক বিষয়ের খাতার বাউন্ডলের সাথে অন্য বিষয়ের খাতা মিশে না যায়। অন্যথায় নির্ভুলভাবে উত্তরপত্র মূল্যায়ন বাধাগ্রস্ত হবে। ফলে এ বিষয়ে প্রার্থী ও পরিদর্শক উভয়েকই বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে।
- ১৪। পরীক্ষা শেষে লিথোকোড ফরমের উপরের অংশ অর্থাৎ পরীক্ষার্থীর অংশটুকু খাতা থেকে বিচ্ছিন্ন করে ২০০টি করে প্যাকেট করতে হবে। এভাবে লিথোকোড ২০০টি এবং উত্তরপত্র ১০০টি করে প্যাকেট করে সকল প্যাকেটের উপর বড়অক্ষরে পদের নাম ও বিষয়ের নাম লিখে সীলগালা করে কমিশনের প্রতিনিধির মাধ্যমে কমিশনে পাঠাতে হবে।
- ১৫। ১টি সমন্বিত প্রশ্নপত্রের মাধ্যমে আলোচ্য ৩(তিন) ক্যাটাগরী পদের পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। ফলে প্রত্যেক পদের ৪(চার) বিষয়ের (বাংলা/ইংরেজী/ সাংজ্ঞান/ টেকনিক্যাল) খাতা ও লিথোকোড আলাদাভাবে প্যাকেট করতে হবে এবং বিশেষ সতর্কতা অবলম্বন করতে হবে যেন এক বিষয়ের লিথোকোড বা খাতা অন্য বিষয়ের সাথে মিশে না যায়।
- ১৬। লিথোকোড ফর্ম অতি সাবধানতার সঙ্গে খাতা থেকে আলাদা (detach) করতে হবে এবং এমনভাবে প্যাকেট করতে হবে যাতে করে ফর্মটি কোনভাবে বিকৃত না হয় বা তাতে কোন ভাঁজ না পড়ে।
- ১৭। লিথোকোড ফর্ম বা মূল / অতিরিক্ত উত্তরপত্রে কেন্দ্রের সীল প্রদান করার প্রয়োজন নেই।


(আ, ন, ম, এনামুল বশীর)
পরিচালক